মেহেরপুরের যাদুখালী স্কুল এন্ড কলেজের ৫টি গাছ কাটার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার যাদুখালী স্কুল এন্ড কলেজের পাঁচটি সেগুন গাছ কাটার অভিযোগ উঠেছে সভাপতি আব্দুস সামাদ ওরফে বাবলু বিশ্বাসের বিরুদ্ধে। অভিযুক্ত আব্দুস সামাদ বাবলু বিশ্বাস জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান।

গত শনিবার এ পাঁচটি সেগুন গাছ কাটা হয়। যার আনুমানিক মূল্য ৯০ হাজার থেকে ১ লক্ষ টাকা। তবে শিক্ষার্থীদের নদী পার করতে নৌকা তৈরি কাজে ব্যবহারের জন্য রেজুলেশ করেই গাছ কাটা হয়েছে। তবে প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সদ্য সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ দুজনেরই কেউই জানেন না রেজুলেশন হয়েছে কি না।

জানা গেছে, যাদুখালী স্কুল এন্ড কলেজের সীমানা প্রাচির সংলগ্ন সেগুন বাগান থেকে ৫টি সেগুন গাছ কাটে গুড়িসহ নিয়ে যাওয়া হয়েছে। যার প্রতিটা গাছের মূল্য ১৮ থেকে ২০ হাজার টাকা হবে বলে জানান স্থানীয়রা।

সদ্য সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ সিরাজুল ইসলাম বলেন, গত বছরের ৩১শে অক্টোবর থেকে চলতি বছরের ৮ ফেব্রুয়ারি পর্যন্ত আমি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছি। আমার ওই সময়ের মধ্যে গাছ কাটা সংক্রান্ত কোনো রেজুলেশন করা হয়নি। আমি শুনেছি ৫টি সেগুন গাছ কাটা হয়েছে। গত শনিবার ছুটি থাকার কারণে আমি প্রতিষ্ঠানে ছিলাম না।

বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাজিবুল আলম বলেন, আমি চলতি মাসের ৯ তারিখে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পেয়েছি। আজ দশ দিন পূর্ণ হল আমার দায়িত্ব নেওয়ার মধ্যে গাছ কাটার বিষয়ে প্রতিষ্ঠান থেকে কোনো সিদ্ধান্ত হয়েছে বলে আমার জানা নেই।

যাদুখালী স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক আব্দুল সামাদ বিশ্বাস বলেন, পাশ্ববর্তি যতারপুর গ্রামের ৩শ ছেলে মেয়ে স্কুলে পড়াশোনা করে। ভৈরব নদীর উপর নির্মিত বাঁশের সাঁকো দিয়ে এসব শিক্ষার্থীরা পার হয়ে স্কুলে আসে। বর্ষার সময় সাঁকোর অবস্থা

খুবই খারাপ হয়ে যায়। সে কারণে পারাপারের জন্য নৌকা একটি ভালো মাধ্যম। স্কুলের গাছ কাটা হয়েছে নৌকা বানানোর জন্য। এটি একটি বেসরকারি প্রতিষ্ঠান তাই রেজুলেশন করে গাছ কাটা হয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুর হোসেন বলেন, সরকারি অথবা বেসরকারি কোন প্রতিষ্ঠানের গাছ কাটতে হলে সরকারি বিধি মোতাবেক কাটতে হবে। এজন্য প্রতিষ্ঠানের রেজুলেশনসহ উপজেলা গাছ কাটা বিষয়ক কমিটি রয়েছে। সে কমিটিতে অবহিত করতে হবে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সদর উপজেলা গাছ কাটা বিষয়ক কমিটির সভাপতি মো. ওবায়দুল্লাহ বলেন, যাদুখালী স্কুল এন্ড কলেজের গাছ কাটার কাটার বিষয়টি আমি জানিনা। স্কুলের কর্তৃপক্ষ কিভাবে সিদ্ধান্ত নিলো বিষয়টি জেনে বলতে পারবো।

ছবি তুলতে গিয়ে সাংবাদিক লাঞ্চিত, মোবাইল ভাংচুর

জাপান টোব্যাকো ইন্ডাষ্ট্রিজ (জেটিআই) এর উদ্যোগে চাষিদের তামাক চাষে উদ্বুদ্ধ করন সভার ছবি তুলতে গিয়ে সাংবাদিক লাঞ্চিতের ঘটনা ঘটেছে। এসময় ওই সাংবাদিকের মোবাইল ফোন ভেঙ্গে দেয়া হয় এবং সাংবাদিকের সাথে মারমুখি আচরন করেন জাপান টোব্যাকোর কর্মকর্তা ও কর্মচারিরা। শুধু তাই নয়, অকথ্য ভাষায় কথা বলে সাংবাদিককে অপদস্থ করেন জেটিআই এর লোকজন। গতকাল রবিবার বিকেল সাড়ে তিনটার সময় গাংনী উপজেলার হিন্দা গ্রামের পশ্চিমপাড়া মাঠে এঘটনা ঘটে।

জানা গেছে, জাপান টোব্যাকো ইন্ড্রাষ্ট্রির আয়োজনে এবং স্থানীয় তামাক ব্যবসায়ী সিদ্দিক ও ইলিয়াসের সহযোগীতায় হিন্দা পশ্চিমপাড়া মাঠের একটি বাঁশবাগনে স্থানীয় প্রায় শতাধিক চাষি ও ব্যবসায়ীদের একত্রিত করে তামাক চাষে উদ্বুদ্ধ করন সভা করছিলেন। সভায় প্রণোদনা ও প্রচারণা মুলক বিভিন্ন লিফলেট, ব্যানার ও ফেস্টুন নিয়ে তামাক চাষে উদ্বুদ্ধ করন বক্তব্য দিচ্ছিলেন কুষ্টিয়া জোনের ম্যানেজার। এসময় মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক বাংলা টিভি ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের সাংবাদিক

কোম্পানীর লোকজন এমন কি করছিলেন যা সাংবাদিকরা ছবি ধারন করলে তাদের আতে ঘা লাগে। নিশ্চয় কোম্পানীর লোকজন এমন বিষয় আলোচনা হচ্ছিল যা সরকার বিরোধী কিনা তা ক্ষতিয়ে দেখারও দাবী করেন। একই সাথে তামাকের প্রচার ও প্রচারণার বিষয়ে তামাক বিরোধী সংগঠনের হস্তক্ষেপ কামনা করা হয়েছে।

তেঁ◌ঁতুলবাড়িয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ড সদস্য নাজমুল হক খোকন জানান, জাপান টোব্যাকো’র একটি মিটিং ছিল,আমাকে যেতেও বলেছিল কিন্তু আমি যায়নি। আমার ওযার্ডে মিটিং বা কোন সমাবেশ করার অনুমতি নেয়নি। তবে সাংবাদিক লাঞ্চিতের ঘটনা শুনে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, কোম্পানীর শিক্ষিত ব্যাক্তিরা সেখানে একটি চাষিদের নিয়ে সমাবেশ করছিলেন । সেখানকার ছবি ধারন করা তেমন কোন অন্যায় বা নিষেধ থাকার কথা নয়।

তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস জানান, জাপান টোব্যাকে কোম্পানী(জেটিআই) বিভিন্ন সময় তাদের মিটিং করে আমি লোকমুখে জানতে পারি। তবে নিয়ম হচ্ছে আমার ইউনিয়নের মধ্যে কোন মিটিং করলে পরিষদকে অবশ্যই অবগত করতে হবে। কিন্তু তারা কোনদিনও জানায়নি।

জাপান টোব্যাকো ইন্ডাস্ট্রিজ (জেটিআই) এর মেহেরপুর শাখা ব্যবস্থাপক আরিফ জানান, সাংবাদিক আমাদের না বলে ছবি তুলেছিল। তাই কথা কাটাটি হয়েছে। এর বেশি কিছূ হয়নি বলে দাবী করেন তিনি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, জাপান টোব্যকো থেকে মিটিং করার কোন অনুমতি নেয়নি। সাংবাদিকের সাথে তারা যে আচরণ করেছে তা অন্যায়। লাঞ্চিত সাংবাদিক অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গুলশানে বহুতল আবাসিক ভবনে

আগুন, একজনের মৃত্যু

রাজধানীর গুলশান-২ নম্বরে একটি বহুতল আবাসিক ভবনে আগুনের ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। এছাড়া ভবন থেকে লাফিয়ে পড়ে তিনজন আহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে।

নিহত ব্যক্তির পরিচয় জানা যায়নি। তবে তিনি আগুনে পুড়ে মারা গেছেন নাকি ভবন থেকে লাফিয়ে পড়ে মৃত্যু হয়েছে সে বিষয়ে পুলিশ এখনো কিছু জানায়নি।

আমাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল প্রতিনিধি জানিয়েছেন, বনানী ক্লিনিকের কাস্টমার কেয়ারের আশিষ বিশ্বাস নামে এক ব্যক্তি রোববার রাত ১০টা ২০ মিনিটে অজ্ঞাত একটি লাশ নিয়ে হাসপাতালে আসেন। গুলশান থানা পুলিশ তার মাধ্যমে লাশটি হাসপাতালে পাঠিয়েছে বলে তিনি জানিয়েছেন। তবে নিহত ওই ব্যক্তি আগুনে পুড়ে মারা গেছেন না ভবন থেকে লাফিয়ে পড়ে মৃত্যু হয়েছে সে বিষয়ে আশিষ বিশ্বাস কিছু বলতে পারেননি।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির পরিদর্শক বাচ্চু মিয়া জানান, রোবববার রাত ১০টার দিকে একজন পুরুষের মৃতদেহ হাসপাতালে নিয়ে যান ফায়ার সার্ভিস কর্মীরা।

ফায়ার সার্ভিস সূত্র জানায়, রোববার সন্ধ্যা ৭টার দিকে গুলশান-২ নম্বরের ১০৪ নম্বর রোডের ১২ তলা ভবনের সাততলায় আগুন লাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে ১৩টি ইউনিট। ভবনটির ১২ ও আটতলায় অনেকেই আটকা পড়েছেন বলে জানা গেছে।

এদিকে জীবন বাঁচাতে ভবন থেকে লাফিয়ে পড়ে তিনজন আহত হওয়ার খবর পাওয়া গেছে। তাদের পরিচয়ও জানা যায়নি।

প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি।

আবাসিক ওই ভবনে অনেকগুলো পরিবার বসবাস করে। ভবনের বিভিন্ন তলায় অনেকে আটকা পড়েছেন। আগুন থেকে বাঁচতে ব্যালকনি থেকে কয়েকজনকে লাফিয়ে নিচে নামতে দেখা গেছে।

ফায়ার সার্ভিস জানিয়েছে, চারজন নারী ও তিনজন পুরুষকে ওই ভবন থেকে উদ্ধার করা হয়েছে। তবে কতজন ভেতরে আটকে আছেন, তা জানা যায়নি।

ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বরত কর্মকর্তা খালেদা ইয়াসমিন যুগান্তরকে বলেন, ভবনটি আবাসিক। সাততলায় আগুন লেগেছে। ১২ ও আটতলায় অনেকেই আটকা পড়েছেন বলে খবর পেয়েছি। তবে মৃত্যুর বিষয়ে তিনি কিছু বলতে পারেননি।

সূত্র: যুগান্তর

গাংনীতে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা

মেহেরপুরের গাংনীতে জাতিয় ভিটামিন এ প্লাস অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোব্বার বেলা সাড়ে ১১টার দিকে অনুষ্ঠিত এ সভার আয়োজন করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

এমপি ইপিআই আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠানে গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী, বিভিন্ন সরকারী অফিসের কর্মকর্তা,স্বাস্থ্য বিভাগে কর্মরত কর্মকর্তা কর্মচারী এবং সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবার গাংনী উপজেলায় ২১৭ টি কেন্দ্রে ছয় থেকে ১১ মাস বয়সী তিন হাজার ৯৪১ জন ও ১২ থেকে ৫৯ মাস বয়সী ৩০ হাজার ২৮৩জন শিশুকে ভিটামিন এ খাওয়ানো হবে।

আমদহ ইউপি নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা

আমদহ ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা।

বুধবার বিকেলে সদর উপজেলা রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী কাছে মনোনয়নপত্র জমা দেয়।

আমদহ ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ আনারুল ইসলামের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন আশরাফপুর ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মনোরুদ্দিন ও সাধারণ সম্পাদক আজিম মন্ডল, আশরাফপুর ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ঝন্টু হালসোনা ও সাধারণ সম্পাদক জিয়া, ইসলামপুর ও সাহেবপুর ৮ নাম্বার ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক টিটু খান, জেলা ছাত্রলীগের সাবেক ধর্ম বিষয়ক সম্পাদক হাফিজুল ইসলাম, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক নাহিদ সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আমদহ ইউপি নির্বাচনে আ. লীগের প্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা।

বুধবার বিকেলে সদর উপজেলা রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী কাছে মনোনয়নপত্র জমা দেয়।

আমদহ ইউনিয়ন আ. লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, চকশ্যামনগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শওকত, বন্দর আওয়ামী লীগের সভাপতি মনি ও সাধারণ সম্পাদক শাহিন, খন্দকার পাড়া আওয়ামী লীগের সভাপতি মোঃ গাজী সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে জমি সংক্রান্ত জেরে প্রতিপক্ষের হামলায় আহত-৪

মেহেরপুরের গাংনীতে জমি জায়গা সংক্রান্তের জেরে একই পরিবারের চার জন আহত হয়েছে। আজ রবিবার (১৯ ফেব্রুয়ারি) সকাল ৬ টার দিকে উপজেলা ছাতিয়ান গ্রামের ব্রিকফিল্ড পাড়ায় এ ঘটনা ঘটে।

আহতরা হলো,ছাতিয়ান গ্রামের ব্রিকফিল্ড পাড়ার মৃত পারো মালিথার ছেলে ইয়াজ উদ্দীন(৬০),তার স্ত্রী ময়না খাতুন(৫৫), তার মেয়ে জোসন খাতুন(২৭) ও আবুল কাশের স্ত্রী রঙ্গীলা খাতুন(৬৫)।

আহত ইয়াজ উদ্দিন জানান, ১৯৯৮ মৃত আজিমার উদ্দিনের ছেলে জহিরুদ্দিনের কাছ থেকে ৪ শতক জমির মধ্যে,আমরা ৩ শতক জমি ক্রয় করি ও আমার নিকট আত্মীয় মিনারুল ইসলামরা ১ শতক জমি ক্রয় করে। কয়েক বছর ধরে আমার ওই জমির গাছ-গাছালি তারা কেটে নিচ্ছিল এজন্য আমি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছিলাম। এখানে আমি কোন বিচার না পেয়ে আবার স্থানীয় কুমারীডাঙ্গা ক্যাম্পে একটি অভিযোগ দায়ের করলে কাল শনিবার (১৮ ফেব্রুয়ারি) বিকেলে উভয় পক্ষের লোকজন নিয়ে

বসে মীমাংসা চেষ্টা করি কিন্তু তাতেও ব্যর্থ হই। আজকে সকালে আমার জমির উপরে তারা ৫ তলা বাড়ি ফাউন্ডেশন নির্মাণের জন্য কাজ শুরু করে।

এতে আমরা নিষেধ করলে আমাদের ক্ষিপ্ত হয়ে একই এলাকার দিদার বাক্সের ছেলে আনারুল(৬৫),আনারুলের স্ত্রী সফেনা(৫৫),তার ছেলে মিনারুল(৪০) মিনারুলের ছেলে সজল(২২) ও তার মেয়ে প্রেমা(১৮),তালেপের মেয়ে ছুম্মা(৩৫)।

মিনারুল পরিবারের লোকজন পলাতক থাকা,তার মুঠোফোনে একাধিকবার ফোন দিয়েও ফোন রিসিভ না করাই তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

মটমুড়া ইউনিয়ানের ৮নং এর ইউপি মেম্বার হাফিজুর জানান, জমি জায়গার সংক্রান্ত জেরে সকালে মারামারি হয়েছে শুনেছি। ইয়াজ উদ্দিন অসচ্ছল ব্যক্তি হওয়ায় তার ওপর প্রায় এভাবে হামলা চালায় মিনারুলের লোকজন। যেন এই অসহায়টি আইনের সেবা পায় সেই আশা ব্যক্ত করেন তিনি।

গাংনী থানার ডিউটি অফিসার আবুল কালাম আজাদ জানান, এখন পর্যন্ত এ বিষয়ে আমাদের কাছে কোন তথ্য নেই।

আমদহ আ. লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের শোভাযাত্রা

আমদহ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। গতকাল শনিবার বিকেলে আমদহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড প্রদক্ষিণ করেন।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের উপর দপ্তর সম্পাদক গোলাম কিবরিয়া, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও

আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, জেলা তাঁতী লীগের সভাপতি নূর ইসলাম সুবাদ, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, মেহেরপুর সদর থানা ছাত্রলীগের সভাপতি বাইজিদ, আমদহ ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসিবুর রহমান রিন্টু, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট, আমদহ ৮ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নান, আমদহ ৫ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলী, আমদহ ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক শাহিন আলম সহ ছাত্রলীগ, যুবলীগ এবং আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় ৩ শতাধিক মোটরসাইকেল সহ কয়েকটি মাইক্রো গাড়ি শোভা যাত্রায় অংশ নেয়।

সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার তোফায়েল হাসান রুপক সলিমুল্লাহ এতিমখানার পৃষ্ঠপোষক মনোনিত

দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার (বিচার) মেহেরপুরের কৃতি সন্তান এসকে এম তোফায়েল হাসান রুপককে সলিমুল্লাহ এতিমখানার পৃষ্ঠপোষক হিসেবে মনোনিত করা হয়েছে।

গতকাল সলিমুল্লাহ এতিমখানার পরিচালনা পরিষদের সভাপতি মেহেরপুরের আরেক কৃতি সন্তান এম এ এস ইমন তাঁর হাতে মনোনয়ন পত্র তুলে দেন।

সম্প্রতি, গত ৮ ফেব্রুয়ারি প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার (বিচার) পদে এসকে এম তোফায়েল হাসান রুপকে নিয়োগ দেন ।

মুজিবনগরে ভ্রাম্যমান আদালতে জরিমানা আদায়

মুজিবনগরে ভ্রাম্যমান আদালতে মটরসাইকেলের চালকের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে। গাড়ির কাগজ, ড্রাইভিং লাইসেন্স এবং হেলমেট না থাকার কারনে এ জরিমানা করা হয়।

আজ শনিবার সকালে মুজিবনগর কমপ্লেক্স গেটে উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমান আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাস ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এ সময় কাগজপত্র না থাকায় ১৫ টি গাড়ির মালিকের কাছ থেকে ৭ হাজার ৪শত ৫০ টাকা জরিমানা আদায় করেন।
এবং মটরসাইকেল চালানোর সময় লাইসেন্স ও হেলমেট সাথে রেখে সাবধানে গাড়ি চালানোর পরামর্শ দেন তিনি।

উপজেলা নির্বাহী অফিসার বলেন, মুজিবনগর কমপ্লেক্সের ভিতরে সারাদেশের পর্যটকরা ঘুরতে আসেন।এখানে আসার পর মহিলা,শিশু হেটে হেটে মুজিবনগর ঘুরে থাকেন। আমরা সম্প্রতি দেখছি কিছু কিছু মটরসাইকেল চালকরা এখানে এসে বেপরোয়া ভাবে গাড়ি চালাচ্ছে,একটি মটরসাইকেল আরেকটির সাথে রেসিং খেলছে। এতে করে ঘুরতে আসা পর্যটকদের বিপদের সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া যারা আইনশৃঙ্খলা মানছে না, গাড়ির লাইসেন্স, হেলমেট নেই তাদের বিরদ্ধে আমরা কঠোর পদক্ষেপ নিচ্ছি এবং আমরা মোবাইল কোর্ট পরিচালনা করছি। যাতে করে এখানে ঘুরতে আসা পর্যটকদের দূর্ঘটনার স্বীকার না হয়।

সে লক্ষে সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী মোবাইল কোর্টের অভিযান নিয়মিত পরিচালনা করা হবে।